আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

(এ বি ফাউন্ডেশনের একটি প্রতিষ্ঠান)

চিরিরবন্দর, দিনাজপুর

প্রথম সপ্তাহ

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | পত্র: প্রথম | বিষয় কোড: ২৭৭ | স্তর: এইচএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)	মন্তব্য
১ প্রথম অধ্যায়: ব্যবসায়ের মৌলিক ধারণা	একটি দেশের অর্থনীতি ও জনগোষ্ঠির জীবনযাত্রার মান উন্নয়নে মুখ্য চালিকা শক্তি হলো ব্যবসায়- উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ।	• ব্যবসায়ের ধারণা ব্যাখ্যা করতে পারবে • ব্যবসায়ের আওতা বা পরিধি বর্ণনা করতে পারবে • বাংলাদেশে ব্যবসায়ের আওতা হিসেবে শিল্প, বাণিজ্য ও প্রত্যক্ষ সেবার ক্ষেত্রে সমস্যা ও সম্ভাবনা বিশ্লেষণ করতে পারবে • ব্যবসায়ের কার্যাবলী ব্যাখ্যা করতে পারবে • ব্যবসায়ের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে • অর্থনৈতিক উন্নয়নে ব্যবসায়ের অবদান বিশ্লেষণ করতে পারবে • জীবিকা অর্জনের উপায় হিসেবে ব্যবসায়ের ভূমিকা বিশ্লেষণ করতে পারবে	• ব্যবসায়ের ধারণা উদাহরণসহ ব্যাখ্যা করতে হবে • ব্যবসায়ের আওতা বর্ণনা করতে হবে • ব্যবসায়ের কার্যাবলি বর্ণনা করতে হবে • অর্থনীতি ও জীবনযাত্রার মান উন্নয়নে মুখ্য চালিকা শক্তি হিসাবে ব্যবসায় কীভাবে ভূমিকা রাখে তা ব্যাখ্যা করতে হবে		

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
১৩-১৬	অতি উত্তম
১১-১২	উত্তম
৮-১০	ভালো
০-৭	অগ্রগতি প্রয়োজন

নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর				স্কোর
	৪	৩	২	১	
ক. ব্যবসায়ের ধারণা	উদাহরণসহ ব্যবসায়ের ধারণা সঠিকভাবে ব্যাখ্যা করলে	উদাহরণসহ ব্যবসায়ের ধারণার ব্যাখ্যা অধিকাংশ সঠিক হলে	ব্যবসায়ের ধারণার ব্যাখ্যা আংশিক সঠিক হলে	ব্যবসায়ের শুধু সংজ্ঞা লিখলে	
খ. ব্যবসায়ের আওতা	ব্যবসায়ের আওতার ছকসহ শিল্প, বাণিজ্য ও প্রত্যক্ষ সেবার ব্যাখ্যা সঠিকভাবে লিখলে	ব্যবসায়ের আওতার ছকসহ শিল্প, বাণিজ্য ও প্রত্যক্ষ সেবার ব্যাখ্যা অধিকাংশ সঠিকভাবে লিখলে	ব্যবসায়ের আওতার ছক ছাড়া শিল্প, বাণিজ্য ও প্রত্যক্ষ সেবার ব্যাখ্যা লিখলে	ব্যবসায়ের আওতার ছক ছাড়া শিল্প, বাণিজ্য ও প্রত্যক্ষ সেবার ব্যাখ্যা আংশিক লিখলে	
গ. ব্যবসায়ের কার্যাবলী	ব্যবসায়ের ৮টি কার্যাবলি সঠিকভাবে লিখলে	ব্যবসায়ের (৬-৭)টি কার্যাবলি সঠিকভাবে লিখলে	ব্যবসায়ের (৪-৫)টি কার্যাবলি সঠিকভাবে লিখলে	ব্যবসায়ের (১-৩)টি কার্যাবলি সঠিকভাবে লিখলে	
ঘ. দেশের অর্থনীতি ও জনগোষ্ঠির জীবনযাত্রার মান উন্নয়নে মুখ্য চালিকা শক্তি হিসাবে ব্যবসায়ের ভূমিকা নিরূপন	ব্যবসায়ের কমপক্ষে ৭টি অর্থনৈতিক গুরুত্বের এবং জীবনযাত্রার মান উন্নয়নের ৫টি কারণ যথাযথভাবে ব্যাখ্যা করলে	ব্যবসায়ের কমপক্ষে ৫টি অর্থনৈতিক গুরুত্বের এবং জীবনযাত্রার মান উন্নয়নের ৪টি কারণ যথাযথভাবে ব্যাখ্যা করলে	ব্যবসায়ের কমপক্ষে ৩টি অর্থনৈতিক গুরুত্বের এবং জীবনযাত্রার মান উন্নয়নের ৩টি কারণ যথাযথভাবে ব্যাখ্যা করলে	ব্যবসায়ের কমপক্ষে ১টি অর্থনৈতিক গুরুত্বের এবং জীবনযাত্রার মান উন্নয়নের ১/২টি কারণ যথাযথভাবে ব্যাখ্যা করলে	
				মোট	
বি:দ্র: বরাদ্দকৃত নম্বর: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০-১০০% সঠিক, অধিকাংশ= ৭০-৭৯% সঠিক, এবং আংশিক = ৫০-৬৯% সঠিক					

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান | পত্র: প্রথম | বিষয় কোড: ২৫৩ | স্তর: এইচএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/ বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ ধাপ/ পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)	মন্তব্য
০১ দ্বিতীয় অধ্যায়: **হিসাবের বইসমূহ**	**হিসাবের বইসমূহের পরিচিতি** **সহায়ক তথ্য:** তিস্তা বিপনি বিতানের নির্দিষ্ট খতিয়ানের ৩১ মে, ২০২১ তারিখের উদ্বৃত্তসমূহ যথাক্রমে নগদ ৩২,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৩০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা, প্রদেয় হিসাব ১৮,০০০ টাকা। জুন, ২০২১ইং মাসে সংঘটিত ঘটনাসমূহ নিম্নে উল্লেখ করা হলো: **জুন ২** মালিক নগদ ১০,০০০ টাকা ও ৩০,০০০ টাকার অফিস সরঞ্জাম ব্যবসায় বিনিয়োগ করলো। **জুন ৫** ৪০,০০০ টাকার পণ্য বিক্রয় করা হলো যার ৬০% নগদে। **জুন ৯** ভাড়া পরিশোধ ৮,০০০ টাকা। **জুন ১২** চলতি মাসের ৫ তারিখের ধারে বিক্রয়ের টাকা পাওয়া গেল এবং ৫০০ টাকা বাট্টা মঞ্জুর করা হলো। **জুন ১৭** মালিক ব্যক্তিগত সম্পদ ১,০০,০০০ টাকায় বিক্রয় করে নিজ ব্যবহারের জন্য ৫০,০০০ টাকা দিয়ে একটি ল্যাপটপ ক্রয় করলো। **জুন ২০** ঘোষ এন্ড সন্সের নিকট থেকে পণ্য ক্রয় ৯,০০০ টাকা, যার ৫০% ধারে। **জুন ২৩** ঘোষ এন্ড সন্সকে তার পাওনা পরিশোধ করা হলো এবং ২০০ টাকা বাট্টা পাওয়া গেল। **জুন ২৬** ৩০,০০০ টাকার পণ্য নগদে বিক্রয় করা হলো। **জুন ৩০** ম্যানেজারের বেতন প্রদান করা হলো ১০,০০০ টাকা।	• দু'তরফা দাখিলা পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে • ডেবিট-ক্রেডিট নির্ণয় করতে পারবে • হিসাব চক্রের ধাপ সমূহের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে • হিসাবের প্রাথমিক বইসমূহের প্রকারভেদ বর্ণনা করতে পারবে • হিসাববের পাকা বই খতিয়ান প্রস্তুত করতে পারবে • খতিয়ানের জের নির্ণয় করতে পারবে • নগদান বই, নগদ প্রাপ্তি জাবেদা ও নগদ প্রদান জাবেদা প্রস্তুত করতে পারবে	• হিসাবচক্রের ধাপ অনুসরণ করতে হবে। • ঘটনা হতে লেনদেন শনাক্ত করতে হবে। • হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব বর্ণনা করতে হবে। • খতিয়ান পোস্টিং ও জের নির্ণয় করতে হবে। • নগদান বই প্রস্তুত করতে হবে।		

নির্দেশক	পারদর্শিতার মাত্রা /নম্বর				স্কোর
	৪	৩	২	১	
ক) হিসাবচক্রের ধাপ ব্যাখ্যাকরণ	৪টি ধাপ উদাহরণসহ লিখলে	৩টি ধাপ উদাহরণসহ লিখলে	২টি ধাপ উদাহরণসহ লিখলে	১টি ধাপ উদাহরণসহ লিখলে	
খ) জুন ২, ৫, ৯ ও ২০ তারিখের লেনদেন হিসাব সমীকরণে প্রদর্শন	প্রারম্ভিক উদ্বৃত্তসহ ৪ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে	প্রারম্ভিক উদ্বৃত্তসহ ৩ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে	প্রারম্ভিক উদ্বৃত্তসহ ২ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে	প্রারম্ভিক উদ্বৃত্তসহ ১ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে	
গ) জুন ২, ৫, ১৭ ও ২৬ তারিখের ঘটনার দাখিলা প্রস্তুতকরণ	ব্যাখ্যাসহ সকল দাখিলা সঠিকভাবে সম্পন্ন করলে	ব্যাখ্যা ছাড়া সকল দাখিলা সঠিকভাবে সম্পন্ন করলে	২ টি ঘটনার জাবেদা ব্যাখ্যাসহ করতে পারলে	১টি ঘটনার জাবেদা ব্যাখ্যাসহ করতে পারলে	
ঘ) মূলধন হিসাব, নগদান হিসাব, অফিস সরঞ্জাম হিসাব ও প্রদেয় হিসাব প্রস্তুতকরণ	৪টি হিসাব সঠিক জেরসহ নির্ণয় করতে পারলে	৩টি হিসাব সঠিক জেরসহ নির্ণয় করতে পারলে	২টি হিসাব সঠিক জেরসহ নির্ণয় করতে পারলে	১টি হিসাব সঠিক জেরসহ নির্ণয় করতে পারলে	
ঙ) জুন ২, ৫, ১২, ২০, ২৩ ও ৩০ তারিখের লেনদেনগুলো নিয়ে নগদ প্রাপ্তি ও নগদ প্রদান জাবেদা প্রস্তুতকরণ	নগদ প্রাপ্তি জাবেদা ও নগদ প্রদান জাবেদা সঠিক হলে	নগদ প্রাপ্তি এবং নগদ প্রদান জাবেদায় ১টি লেনদেন লিখতে ভুল হলে	নগদ প্রাপ্তি এবং নগদ প্রদান জাবেদায় ১টি করে লেনদেন সঠিক হলে	নগদ প্রাপ্তি অথবা নগদ প্রদান জাবেদায় যে কোন ১টি লেনদেন সঠিক হলে	
				মোট	
অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০					

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
১৩-১৬	অতি উত্তম
১১-১২	উত্তম
৮-১০	ভালো
০-৭	অগ্রগতি প্রয়োজন